আইপিএলে আজ

রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালোর
বনাম সানরাইজার্স হায়দরাবাদ
সময় ঃ রাত ৮টা, বেঙ্গালুরু

বকেয়া পেলেন ফুটবলাররা

শিলটন, ডিকারা এবার কলকাতা লিগ জিততে মরিয়া

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৬ মে ঃ নিজেদের বকেয়া পেয়ে এবার আগামী মরশুমে ট্রফি জয়ের কথা শিলটন-ডিকাদের মুখে। এদিন তারা ক্লাব তাঁবুতে এসেছিলেন নিজেদের হিসেব বুঝে নিতে। গত আটবছর ধরে অধরা কলকাতা লিগ এবার জিততে মরিয়া বাগান ফুটবলাররা। ডিকা জানিয়ে দিলেন, 'গত মরশুমে আমরা কীভাবে লিগটা হারিয়েছি সবাই জানেন। তাই এবার কলকাতা লিগটা আমাদের জিততেই হবে।' শিলটনও বলে গেলেন, 'কলকাতা লিগটা আমাদের কাছে খুব গুরুত্বপূর্ণ। এবারও দলে প্রচুর নতুন ফুটবলার। তাই এই টুর্নামেন্টেই বোঝাপড়া তৈরি করতে হবে গতবারের মতো। একইসঙ্গে লিগ জেতার লক্ষ্যও থাকছে। কারণ, আমরা অনেকদিন কলকাতা লিগ পাইনি।' মঙ্গলবার দলের ফুটবলারদের সঙ্গে দুপুরে খাওয়াদাওয়া করে আলোচনা করেন নতুন ভারপ্রাপ্ত ফুটবল সচিব স্বপন (বাবুন) বন্দ্যোপাধ্যায়। সেদিনই কথা দেওয়া হয়েছিল, বৃহস্পতিবার থেকেই শুরু হবে ফুটবলারদের টাকা দেওয়া। যা একদিন আগেই দিয়ে দেওয়া হল তাদের।

তার জন্য ফের সেই মুশকিল আসান স্বপন সাধন ওরফে টুটু বসুই। তাঁর এবং সৃঞ্জয় বসুর স্বাক্ষরিত চেক আসতেই ফুটবলারদের বকেয়া মিটে গেল মোহনবাগানে। নিয়মমাফিক ৩১ মে-র মধ্যে বকেয়া মেটাতে হত ফুটবলারদের। না হলে ক্লাবের লাইসেন্সও বাতিল হওয়ার সম্ভাবনা ছিল। টাকা জোগাড়ের জন্য ক্লাব সচিব অঞ্জন মিত্র একটি কমিটি গড়ে দিয়েছিলেন। কিন্তু বাস্তবে দেখা গেল, ক্লাবের আয়-ব্যয়ের হিসেব আটকে দেওয়া ছাড়া তাদের অবদান শূন্য। টুটু বসুর দেওয়া এক কোটি টাকা দিয়েই মেটানো হল ফুটবলারদের বকেয়া। তাদের বকেয়া বাবদ প্রয়োজন ছিল ৭৫ লাখ টাকার মতো। বাকি টাকা এবং ক্লাব থেকে নেওয়া ধার বাবদ ৪৫ লক্ষ টাকা দিয়ে মেটানো হবে অন্যান্য খরচ। এদিন অবশ্য দেখা গেল শাসকগোষ্ঠীর বেশ কিছু কর্তা ক্লাব তাঁবুতে বুক ফুলিয়ে বলে বেড়াচ্ছেন, 'সবাই ভেবেছিল, আমরা ফুটবলারদের বকেয়া দিতে পারব না। কিন্তু সকলেই টাকা পেয়ে গেল তাহলে?' যা শুনে আবার দু-একজন প্রবীণের প্রশ্ন, 'টুটু বসুর টাকা না এলে কি বকেয়া দেওয়া যেত?' এই প্রশ্নের উত্তর অবশ্য আর দেননি সেই কর্তারা। এদিকে, বৃহস্পতিবার ক্লাবে কার্যকরী কমিটির সভা ডেকেছেন অঞ্জন মিত্র। সেখানেই পাস হতে পারে অডিটের আয়-ব্যয়ের হিসেব। সেক্ষেত্রে জুনের মাঝামাঝি ক্লাবের বার্ষিক সাধারণ সভা হওয়ার সম্ভাবনা থাকছে। তারপরেই নির্বাচন প্রক্রিয়া শুরু হওয়ার কথা।

এএফসি কাপের নকআউটে সুনীলরা

ঢাকা, ১৬ মে ঃ এএফসি কাপের গ্রুপ পর্যায়ের শেষ ম্যাচে ঢাকা আবাহনীকে ৪-০ গোলে নকআউট নিশ্চিত করল বেঙ্গালুরু এফসি। গ্রুপ 'ই'-র ম্যাচে ঢাকার বঙ্গবন্ধু স্টেডিয়ামে বেঙ্গালুরুকে শুরুতে এগিয়ে দেন দলের তারকা স্ট্রাইকার ড্যানিয়েল সেগোভিয়া (১৩ মিনিট)। তার তিন মিনিটের মাথায় ব্যবধান ২-০ করেন নিশু কুমার। প্রথমার্ধে আর কোনো গোল না হলেও দ্বিতীয়ার্ধের শুরুতে ফের এগিয়ে যায় সুনীলরা। বেঙ্গালুরুর হয়ে নিজের দ্বিতীয় গোলটি করে যান নিশু কুমার (৫৮ মিনিট)। ৬০ মিনিটে আবাহনীর কফিনে শেষ পেরেকটি পুঁতে দেন দলের অধিনায়ক সুনীল ছেত্রী। ৬ ম্যাচে ১৫ পয়েন্ট নিয়ে লিগ টেবিলের শীর্ষে থেকে নকআউট পর্বে গেল আলবার্তো রোকার দল। তবে, এদিন বেঙ্গালুরুর নকআউটে যাওয়ার পথ মসৃণ করে আর এক ভারতীয় দল আইজল এফসি। গুয়াহাটির ইন্দিরা গান্ধি স্পোর্টস স্টেডিয়ামে নিউ রেডিয়ান্ট এসসিকে ২-১ গোলে হারায় সন্তোষ কাশ্যপের দল। আইজলের হয়ে গোল দুটি করেন ডোডোজ (৬১) মিনিট এবং আন্দ্রেই লোনেস্কু (৮২ মিনিট)। রেডিয়ান্টের হয়ে একমাত্র গোল ইব্রাহিম আতেগের। এটাই গ্রুপ পর্যায়ে আইজলের প্রথম জয়। এদিনের হারের সুবাদে পরের পর্বে যাওয়া হল না নিউ রেডিয়ান্টের। ৬ ম্যাচে তাদের সংগ্রহে ১২ পয়েন্ট।

বঙ্গবিভূষণ সুব্রতকে

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৬ মে ঃ প্রাক্তন ফুটবলার সুব্রত ভট্টাচার্যকে বঙ্গবিভূষণ সম্মান দেবে রাজ্য সরকার। বুধবারই মুখ্যমন্ত্রীর দপ্তর থেকে তাঁর কাছে চিঠি এসে পৌঁছায় এবং সেই চিঠির প্রাপ্তিস্বীকার করেছেন সুব্রতবাবু। গত জুলাইয়ে মোহনবাগান ক্লাব তাঁকে মোহনবাগান রত্ন সম্মানে ভূষিত করে। এবার বঙ্গবিভূষণ তাঁর মুকুটে নতুন পালক যোগ করবে।

প্রীতি ম্যাচ খেলতে দক্ষিণ আফ্রিকায় মেসি-সুয়ারেজরা।

নেইমারের রিয়াল যোগ, চিন্তায় এলএমটেন

মেসির চোখে শেষ চারের স্বপ্ন

বার্সেলোনা, ১৬ মে ঃ একজন অধরা বিশ্বকাপ জয়ের প্রস্তুতিতে ব্যস্ত, অপরজন চোট সমস্যা কাটিয়ে বিশ্বকাপের মঞ্চে প্রত্যাবর্তনের চেষ্টায়। চুম্বকে এটাই বিশ্ব ফুটবলের সেরা দুই নক্ষত্র লিয়োনেল মেসি এবং নেইমারের বর্তমান জগৎ। বিশ্বকাপ ভাবনা ঢুকে পড়েছে দুই তারকার মধ্যেই। মেসি যখন শেষ চারে ওঠাকে পাখির চোখ করছেন তখন অন্যদিকে বিশ্বকাপ নিয়ে স্নায়ুর চাপে নেইমার। এরইমধ্যে নিজের পুরোনো সতীর্থ নেইমারের রিয়াল মাদ্রিদে যোগের জল্পনা নিয়ে মুখ খুললেন বার্সা তারকা লিওনেল মেসি।

সামনের মরশুমে নেইমারকে বার্নাব্যুতে আনতে মরিয়া চেষ্টা চালাচ্ছেন রিয়াল কর্তারা। নেইমারের রিয়াল যোগের খবরে বেশ অস্বস্তিতে রয়েছেন বার্সা তারকা লিয়োনেল মেসি। নেইমার রিয়াল মাদ্রিদে গেলে সেটা যে তার এবং বার্সেলোনার জন্য বড়ো ধাক্কা হবে তা মেনে নিয়েছেন আর্জেন্টাইন তারকা।

মেসি স্পষ্ট জানান, 'নেইমার মানে বার্সেলোনা। ও রিয়ালে গেলে সেটা মেনে নেওয়া কঠিন। ও যোগ দিলে রিয়াল মাদ্রিদকে থামানো কঠিন হবে।' তাহলে কি নেইমারের রিয়াল যোগের পথে বাধা হয়ে দাঁড়াবেন মেসি? সেই প্রশ্ন সন্তর্পণে এড়িয়ে গেলেন আর্জেন্টাইন তারকা। স্মিত হেসে মেসির বার্তা, 'ও জানে, আমি কী চাই। সেটা ওকে জানিয়েও দিয়েছি।' একইসঙ্গে রোনাল্ডোর সঙ্গে দ্বৈরথ নিয়েও মুখ খুলেছেন বার্সা তারকা। মেসি সাফ জানিয়েছেন, রোনাল্ডোর সঙ্গে তার কোনো প্রতিযোগিতা নেই। বরং রোনাল্ডোর পারফরম্যান্স দেখে উদ্বুদ্ধ হন তিনি। মেসির স্পষ্ট জবাব, 'ইতিহাসের পাতায় নিজেকে সেরা করতে আমি ফুটবল খেলি না। মরশুম শেষে দলকে সাফল্য দেওয়াই আমার লক্ষ্য।

ক্লাব জার্সিতে তিনি যতই সাফল্য পান, দেশের জার্সিতে তার ছিটেফোঁটাও দেখা যায়নি। আর্জেন্টিনার মতো ফুটবলপাগল দেশের শেষ সাফল্য বলতে ১৯৯৩-তে কোপা আমেরিকা জয়। ২৫ বছরের ট্রফি খরা কি রাশিয়ার মাটিতে কাটবে? কোচ জর্জে সাম্পাওলি ইতিমধ্যেই রাশিয়া বিশ্বকাপের প্রাথমিক দল ঘোষণা করে দিয়েছেন। সাফল্যের ব্যাপারে আশাবাদী মেসি জানান, 'অধিনায়ক হিসেবে আমার লক্ষ্য রাশিয়া বিশ্বকাপের শেষ চারে জায়গা করে নেওয়া। তাহলেই আমরা নিজেদের সেরা বলতে পারব। ট্রফি জয়ের বেশ কয়েকবার সুযোগ আমাদের সামনে এসেছে তবে আমরা তা কাজে লাগাতে পারিনি। এবার তা হাতছাড়া করতে চাই না।' তবে আর্জেন্টিনাকে বিশ্বকাপে চ্যাম্পিয়ন করতে না পারলেও অবসরের পথে হাঁটবেন না বলে জানিয়েছেন এলএমটেন।

এদিকে, বিশ্বকাপ যত এগিয়ে আসছে ততই স্নায়ুর চাপ অনুভব করছেন বলে জানিয়েছেন ব্রাজিল তারকা নেইমার। তিনি বলেন, 'আর কেউই আমার মতো চাপে নেই। আমি জানি, ব্রাজিলের সবাই কেমন অধীর আগ্রহে আমাদের হাতে এই ট্রফি দেখার অপেক্ষা করছেন। সেটা আমাকে মানসিকভাবে চাপে রাখছে।' ফরাসি লিগে খেলার সময় চোটের ধাক্কায় আপাতত মাঠের বাইরে নেইমার। তবে ব্রাজিল কোচ টিটের পক্ষে স্বস্তি যে, বিশ্বকাপ প্রস্তুতির শুরুর আগেই সম্পূর্ণ সুস্থ হয়ে উঠবেন ২৬ বছরের ব্রাজিলিয়ান তারকা। ৩ জুন ক্রোয়েশিয়ার বিরুদ্ধে প্রস্তুতি ম্যাচে তাকে দলে রেখেই পরিকল্পনা সাজাচ্ছেন টিটে। বিশ্বকাপে ব্রাজিলের প্রথম ম্যাচ ১৭ জুন। প্রতিপক্ষ সুইজারল্যান্ড। ২০১৪-য় ঘরের মাঠে সেমি ফাইনালে জার্মানির কাছে ৭-১ গোলে বিপর্যস্ত হয়ে বিদায় নিতে হয়েছিল সেলেকাওদের। সেই প্রসঙ্গে নেইমার বলেন, 'এটা আমার কাছে খুব কঠিন সময়। ঈশ্বর আমাকে শক্তি দিন যাতে আমি সমর্থকদের প্রত্যাশা পূরণ করতে পারি। দেশকে বিশ্বসেরা করতে পারাটা আমার ছোটোবেলার স্বপ্ন। সেটা এবার পূরণ করতে চাই।' একইসঙ্গে পিএসজি ছেড়ে রিয়াল মাদ্রিদে যাওয়ার প্রসঙ্গেও মুখ খুলেছেন ব্রাজিলিয়ান তারকা। নেইমার জানিয়েছেন, আপাতত তার ফোকাসে বিশ্বকাপ, দলবদল নিয়ে এখনই মাথা ঘামাতে নারাজ তিনি।

দিনরাতের টেস্ট বিতর্ক

ভারতকে স্বার্থপর বললেন মার্ক ও

সিডনি, ১৬ মে ঃ অস্ট্রেলিয়ার প্রস্তাবমাফিক দিনরাতের টেস্ট খেলতে রাজি না হওয়ায় মার্ক ও-র সমালোচনার মুখে পড়ল ভারত! প্রাক্তন অসি ওপেনার এরজন্য ভারতকে 'স্বার্থপর' বলে কটাক্ষ করলেন এদিন। 'টেস্ট ক্রিকেটকে পুনর্জীবিত করার জন্য দিনরাতের ম্যাচের মতো পদক্ষেপ করা হচ্ছে। বিভিন্ন দেশ দিনরাতের টেস্টের উপর জোর দিচ্ছে। অথচ, ভারত খেলতে রাজি নয়, যা স্বার্থপরতার পরিচায়ক', অভিযোগ মার্ক ও-র।

ভারত ছাড়া বাংলাদেশ এখনও দিনরাতের টেস্ট খেলেনি। বিশেষত, ভারতের রাজি না হওয়াটা বড়োসড়ো বাধা তৈরি করেছে। টেস্ট ক্রিকেটের পথে যা প্রতিবন্ধকতাও। মার্ক ও আরও বলেন, 'ভারতের না খেলার কারণ আমার বোধগম্য নয়। দিনরাতের টেস্টের জন্য ভারতীয় দল ভালোমতোই প্রস্তুত। একঝাঁক ফাস্টবোলার রয়েছে। স্পিনের উপর খুব বেশি নির্ভরশীলও নয় ওরা। টেকনিকালি ব্যাটসম্যানরা যথেষ্ট পরিণত। ক্রিকেটের বৃহত্তর স্বার্থের কথা মাথায় রেখে ভারতকে দ্রুত দিনরাতের টেস্টে দেখতে চাই আমি।'

চলতি বছরের শেষার্ধে অসি সফরে যাচ্ছে বিরাট কোহলিরা। ২১ নভেম্বর থেকে ১৮ জানুয়ারি, প্রায় মাস দুয়েকের লম্বা সফরে তিন ফর্মাটেই মুখোমুখি হবে ভারত-অস্ট্রেলিয়া। এর মধ্যে অসি বোর্ড চেয়েছিল সিরিজের প্রথম টেস্ট দিনরাতের করতে। প্রাথমিকভাবে বিসিসিআই কর্তারা সদিচ্ছা প্রকাশ করলে, পরবর্তীতে ভারতীয় দল ও সিওএ-র বাধায় দিনরাতের টেস্টের অসি প্রস্তাব খারিজ হয়ে যায়।

ভারতের অসি সফর নিয়ে বিতর্কের মাঝে টিম অস্ট্রেলিয়া বল-গেট কেলেঙ্কারির পর নিজেদের নতুনভাবে গুছিয়ে নিতে ব্যস্ত। অধিনায়ক নির্বাচিত হয়েছেন টিম পেইন। কোচ বদলে ডারেন লেম্যানের জায়গায় প্রাক্তন আর এক তারকা জাস্টিন ল্যাঙ্গার। এবার পালা পেইনের ডেপুটি বেছে নেওয়ার। মিচেল মার্শ, প্যাট কামিন্স রয়েছেন অন্যতম দাবিদার হিসেবে। আর সহ অধিনায়ক নির্বাচনে অধিনায়ক হিসেবে পেইনের মতামত গুরুত্ব পাবে বলে জানিয়ে দিলেন নতুন কোচ। ল্যাঙ্গার বলেন, 'আমার ব্যক্তিগত মতামত, সহ অধিনায়ক নির্বাচনের ক্ষেত্রে অধিনায়কের বক্তব্যকে গুরুত্ব দেওয়া উচিত। এনিয়ে প্রাথমিক কথাবার্তা হয়েছে। সবদিক খতিয়ে দেখেই সিদ্ধান্ত নেওয়া হবে। কোচ হওয়ার সময় কয়েকটা বিষয়ে গুরুত্ব দিয়েছিলাম। জোর দিয়েছিলাম অধিনায়ক-সহ অধিনায়কের সম্পর্কের বিষয়টি। অতীত থেকে শিক্ষা নিয়ে সঠিক পদক্ষেপ করতে হবে।'

আগামী সপ্তাহেই সম্ভবত সহ অধিনায়ক কে হবেন, তা চূড়ান্ত হতে চলেছে। ইংল্যান্ড ও জিম্বাবোয়ে, জোড়া সফরের দল ঘোষণা করবে অস্ট্রেলিয়া। তখনই নতুন সহ অধিনায়কে সিলমোহর পড়বে। প্রসঙ্গত, বল বিকৃতির কেলেঙ্কারির দায়ে অধিনায়ক স্টিভেন স্মিথ ও সহ অধিনায়ক ডেভিড ওয়ার্নারকে এক বছরের জন্য নির্বাসিত করেছে অসি বোর্ড। তৃতীয় অভিযুক্ত ক্যামেরন ব্যানক্রফটের শাস্তির মেয়াদ ৯ মাস।

আজ হায়দরাবাদে নাইটরা

চায়নাম্যান কুলদীপই এখন সেরা : কার্তিক

অরিন্দম বন্দ্যোপাধ্যায়

কলকাতা, ১৬ মে ঃ পাশা পলট নে মে দের নেহি লাগতা!

বলিউডের নানা চলচ্চিত্রে বহুল ব্যবহৃত সংলাপ। যার সঙ্গে ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ বা আইপিএলের প্রচুর মিল। ঠিক যেন সাপ-লুডোর খেলা। আজ যে ফকির, কাল সেই রাজা। অথবা রাজ সিংহাসন দখলের পথে। অবিকল কলকাতা নাইট রাইডার্সের মতোই।

দিন কয়েক আগে ইডেনে মুম্বইয়ের কাছে লজ্জার হারের পর নাইটদের প্লে-অফে যাওয়া নিয়ে তৈরি হয়েছিল সংশয়। ইন্দোরে গেইলদের বিরুদ্ধে ম্যাচে ছবিটা বদলে ছিল। আর গতরাতে ইডেনে 'চায়নাম্যানের দখলে রাজস্থান' হওয়ার পর নাইটদের প্লে-অফে যাওয়া এখন সময়ের অপেক্ষা বলেই মনে করা হচ্ছে। শর্ত একটাই, শনিবার হায়দরাবাদে সানরাইজার্সকে হারিয়ে দাও। তাহলেই প্লে-অফের টিকিট নিশ্চিত। শনিবার নাইটরা ম্যাচ হেরে গেলেও অঙ্কের বিচারে প্লে-অফে যেতেই পারে। সেক্ষেত্রে অঙ্ক ও শর্তটা একটু আলাদা। ধাওয়ান, কেন উইলিয়ামসনদের বিরুদ্ধে ম্যাচ হারলেও সেই হারের মধ্যে যেন সম্মান ও লড়াই থাকে। আর নেট রানরেটের ছন্দ যেন নষ্ট না হয়।

শনিবার হায়দরাবাদের উপ্পলে রাজীব গান্ধি আন্তর্জাতিক স্টেডিয়ামে নাইটদের ভাগ্যে কী অপেক্ষা করছে, সময় বলবে। তার আগে কাল দুপুরের দিকে টিম কেকেআর রওনা হচ্ছে নিজামের শহরে। কাল হায়দরাবাদ রওনা হওয়ার আগে আজ পুরো দিনটাই ইএম বাইপাস সংলগ্ন টিম হোটেলে কেকেআর দল শুটিং করেই সময় কাটাল। স্পনসরদের কয়েকটা অনুষ্ঠানও ছিল কার্তিকদের নিয়ে। সেখানেও দলের অনেকেই হাজির ছিলেন। যার মধ্যমণি হিসেবে আজ নাইটদের টিম হোটেলে দেখা গেল চায়নাম্যান কুলদীপ যাদবকে। তার দক্ষতা ও স্কিল নিয়ে ক্রিকেট দুনিয়ায় কারোর মনে সংশয় নেই। কিন্তু তারপরও এবারের আইপিএলে কুলদীপ ঠিক ছন্দে ছিলেন না। গতরাতের ইডেনে তিনি ছন্দ পেতেই অনায়াসে 'রাজস্থানের রক্তপাত' ঘটিয়ে দিলেন নাইটরা। কার্তিকদের অসাধারণ ও একপেশে জয়ের ফলে নাইটরা যখন নিশ্চিতভাবেই প্লে-অফের পথে এগিয়ে গেল, তখন রাজস্থান রয়্যালসের অন্দরে আগামীর অশনিসংকেত। একে তো রাজস্থানের মেন্টর শেন ওয়ার্ন গতরাতেই কলকাতা থেকে অস্ট্রেলিয়ার পথে রওনা হয়ে গিয়েছেন। পাশাপাশি দলের দুই ইংরেজ তারকা বেন স্টোকস ও জোস বাটলারকেও দেশে ফিরতে হচ্ছে জাতীয় দলের দায়িত্ব পালনের জন্য। ফলে রাজস্থানের প্লে-অফ স্বপ্নে বড়ো রকমের সংশয় তৈরি হয়েছে।

ম্যাচ শেষে আইডলের সঙ্গে।

ক্রিকেট দুনিয়ার একটা বড়ো অংশের অবশ্য রাজস্থানের তুলনায় অনেক বেশি আগ্রহ কলকাতা নাইট রাইডার্সকে নিয়ে। শাহরুখের দল এবারের আইপিএলে নতুন অধিনায়ক দীনেশ কার্তিকের নেতৃত্বে চমকে দিয়েছে। তারুণ্যে ভরপুর দল নিয়ে কার্তিক প্রমাণ করে দিয়েছেন, টি২০ ক্রিকেটে তারকা বা বড়ো নাম আসল কথা নয়। বরং টি২০ ক্রিকেটের মাধ্যমে আগামীর তারকা তৈরি করার পথটাই আসল। যার প্রমাণ হল শিভম মাভি-শুভমান গিল-নীতীশ রানারা। কোহলির সংসারের নিয়মিত সদস্য হওয়ার কারণে চায়নাম্যান কুলদীপকে এই তালিকায় রাখা গেল না। তবে রাখা হলেও বোধহয় কারোর আপত্তি থাকবে না। গতরাতে রাজস্থানকে হারিয়ে নাইট অধিনায়ক কার্তিক তো স্বীকারই করে ফেলেছেন কুলদীপ বর্তমান ক্রিকেট দুনিয়ার সেরা স্পিনার। রাতের ইডেনে দাঁড়িয়ে কেকেআর অধিনায়ক বলেছেন, 'কুলদীপ অসাধারণ। হয়তো এবারের প্রতিযোগিতার শুরুতে তেমন ছন্দে ছিল না ও। কিন্তু আসল সময়ে কুলদীপ চ্যাম্পিয়নের মতোই পিক করেছে। বাটলার-রাহানেদের যেভাবে পরিকল্পনা করে আউট করল ও, তার প্রশংসা করতেই হবে। আমার মনে হয়, কুলদীপ বর্তমান ক্রিকেট দুনিয়ার সেরা স্পিনার।' অধিনায়ক কার্তিকের মতো নাইটদের ওপেনার ক্রিস লিনও কুলদীপকে নিয়ে মজে রয়েছেন। গতরাতে ম্যাচের পর লিন বলেছেন, 'বোলিং-ব্যাটিং থেকে শুরু করে ক্রিকেটের সব বিভাগের সব পরিকল্পনা আমাদের খেটে গিয়েছে আজ। রাজস্থানকে কম রানে রুখে দেওয়ার জন্য আলাদা করে কুলদীপের প্রশংসা করতেই হবে। অসাধারণ বল করল ও। পাশাপাশি ১৪২ রান তাড়া করার সময় শেষপর্যন্ত উইকেটে থাকার কথা ভেবেই মাঠে নেমেছিলাম। কাজটা শেষ করতে পেরে দারুণ লাগছে।'

চায়নাম্যান ম্যাজিক, লিনের ফর্ম, প্লে-অফের নিশ্চিত হাতছানির মাঝেও কেকেআরের জন্য কিছু অস্বস্তির খোঁচাও রয়েছে। লেগস্পিনার পীযূষ চাওলার সাইড স্ট্রেনের সমস্যা মেটেনি এখনও। গতরাতে ম্যাচের পর রবিন উথাপ্পাকে হাঁটুতে আইস প্যাক জড়িয়ে মাঠ ছাড়তে দেখা গিয়েছিল। তার চোট কতটা গুরুতর, কারোর জানা নেই। কেকেআরের অন্দরে এব্যাপারে খোঁজ করেও কোনো সদুত্তর পাওয়া যায়নি।

আসলে সাফল্যের ছন্দে থাকার সময় এসব খুচরো ঘটনা নিয়ে মাথা ঘামাতে চাইছে না কেকেআর টিম ম্যানেজমেন্ট। তাছাড়া শনিবারের ম্যাচের আগে চাওলা-উথাপ্পাদের সুস্থ হওয়ার যথেষ্ট সময়ও রয়েছে।

তার থেকেও বড়ো ব্যাপার হল, প্লে-অফের জন্য কেকেআর হ্যায় তৈয়ার, কার্তিকরাও যে বুঝতে পারছেন। তাই প্লে-অফের টিকিট কনফার্ম হওয়ার উৎসবটাও আগামীর জন্য তুলে রেখেছেন নাইটরা।

ইংল্যান্ডের দল ঘোষণা সাউথগেটের

বিশ্বকাপে নেই হার্ট, চমক আলেকজান্ডার

লন্ডন, ১৬ মে ঃ রাশিয়া বিশ্বকাপের চূড়ান্ত ২৩ জনের দল ঘোষণা করলেন ইংল্যান্ড কোচ গ্যারেথ সাউথগেট। তেইশ জনের দলে জায়গা হল না বর্ষীয়ান গোলরক্ষক জো হার্টের। হার্টের পাশাপাশি দলে ঠাঁই হল না লিভারপুল তারকা অ্যাডাম লালানার। শুধু লালানাই নন, বিশ্বকাপে ইংল্যান্ডের দলে নেই গানার্স মিডফিল্ডার জ্যাক উইলশেয়ারও।

দলে নতুন চমক লিভারপুলের ডিফেন্ডার ১৯ বছরের আলেকজান্ডার-আর্নল্ডের বিশ্বকাপের দলে জায়গা পাওয়া। পাশাপাশি জর্ডন পিকফোর্ড, জেক বাটল্যান্ডের পাশে দলের তৃতীয় গোলরক্ষক হিসেবে ডাক পেলেন বার্নলের নিক পোপে। রাশিয়া বিশ্বকাপের চূড়ান্ত দল থেকে ডিফেন্ডার বার্ট্রান্ডের বাদ পড়ায় অবাক অনেকেই। তবে তারুণ্যের পাশে অভিজ্ঞতাকেও গুরুত্ব দিয়েছেন ইংল্যান্ড কোচ। সাউথগেটের দলে প্রত্যাশা মতো জায়গা করে নিয়েছেন গ্যারি কাহিল, ফিল জোন্স, অ্যাশলে ইয়ংয়ের মতো অভিজ্ঞ ফুটবলাররা। মাঝমাঠে শক্তি বাড়াতে ইংল্যান্ড দলে রয়েছেন ডেলে আলি, জেসে লিনগার্ড, রহিম স্টার্লিংরা। রাশিয়া বিশ্বকাপে দলের নেতৃত্বের ব্যাটন থাকবে টটেনহ্যাম স্ট্রাইকার হ্যারি কেনের হাতে। কেন ছাড়াও দলে রয়েছেন জেমি ভার্ডি, র‍্যাশফোর্ড, ওয়েলবেকের মতো তারকারা। সাউথগেটের দল ঘোষণার পর উচ্ছ্বাস প্রকাশ করতে দেখা যায় দালে আলি, রহিম স্টার্লিংদের। মাঝমাঠের ভরসা ডেলে আলি টুইট করেন, 'ইংল্যান্ডের হয়ে বিশ্বকাপে প্রতিনিধিত্ব করা আমার কাছে ভীষণ সম্মানের। আমি গৌরববোধ করছি।'

দল নির্বাচনের পর সাংবাদিকদের মুখোমুখি হয়ে সাউথগেট জানান, 'দল নির্বাচন নিয়ে আমি সন্তুষ্ট। আমি মনে করি, ইংল্যান্ডের সেরা ফুটবলারদের নিয়েই আমরা রাশিয়া যাচ্ছি। দলে তারুণ্যের পাশে অভিজ্ঞতাকেও গুরুত্ব দিয়েছি। উভয়ের মধ্যে ভারসাম্য আনার চেষ্টা করেছি।' গ্রুপ 'জি'-তে তিউনিশিয়া, পানামা ও বেলজিয়ামের সঙ্গে রয়েছে থ্রি লায়ন্সরা। ১৮ জুন তিউনিশিয়ার বিরুদ্ধে ম্যাচ দিয়ে নিজেদের বিশ্বকাপ অভিযান শুরু করবে সাউথগেটের ইংল্যান্ড।

ক্রিকেটারদের কোর্টে বল

পাক সফরে যেতে চায় আয়ারল্যান্ড

ডাবলিন, ১৬ মে ঃ অভিষেক টেস্টে নজরকাড়া পারফরম্যান্সের ঘোর কাটতে না কাটতে নতুন চমক দিল আয়ারল্যান্ড ক্রিকেট বোর্ড। পাকিস্তান সফরে খেলতে যাওয়ার ইচ্ছা প্রকাশ করলেন আইরিশ ক্রিকেট বোর্ডের মুখপাত্র ওয়ারেন ডিউট্রম।

ইতিপূর্বে ২০১৪ সালে পাক সফরের পরিকল্পনা নিলেও সেবার করাচি বিমানবন্দরে জঙ্গি হামলার জন্য সেই সফর বাতিল করতে বাধ্য হয় আয়ারল্যান্ড। আবার নতুন করে পাক সফরে যাওয়ার সম্ভাবনা উজ্জ্বল হল কেভিন ও'ব্রায়েন-মারটাঘদের। পিসিবি ২০২০ সালে দেশের মাটিতে পূর্ণাঙ্গ সিরিজ আয়োজন করতে ইচ্ছুক। সেই পরিকল্পনার কথা জানার পর আয়ারল্যান্ডের পক্ষ থেকে ডিউট্রম বলেন, 'আমাদের সঙ্গে এই নিয়ে পাক বোর্ডের কোনো কথা হয়নি। পাকিস্তানের অভ্যন্তরীণ পরিস্থিতি যদি ঠিকঠাক থাকে তবে আমরা সেখানে সফর করতে ইচ্ছুক।' তবে পাক সফরের জন্য দলের ক্রিকেটারদের সঙ্গেও আলোচনায় বসবেন বলে জানিয়েছেন ডিউট্রম।

এদিকে, অভিষেক টেস্টে জয় অধরা থাকলেও শতরান করে সকলের নজর কেড়েছেন আইরিশ তারকা কেভিন ও'ব্রায়েন। আইসিসির টেস্ট র‍্যাংকিংয়েও প্রথম একশোয় ঢুকে পড়লেন তিনি। তালিকায় ৬৬ নম্বরে রয়েছেন পাকিস্তানের বিরুদ্ধে দ্বিতীয় ইনিংসে ১১৮ করা আইরিশ অলরাউন্ডার। হারলেও দলের পারফরম্যান্সে মুগ্ধ আয়ারল্যান্ড অধিনায়ক উইলিয়াম পর্টারফিল্ড। তিনি বলেন, 'টেস্ট ক্রিকেটে আয়ারল্যান্ড নিজেদের অস্তিত্ব বজায় রাখতে বদ্ধপরিকর। অভিষেক টেস্টে হারলেও দলের ক্রিকেটাররা যে মানসিকতা নিয়ে দ্বিতীয় ইনিংসে লড়াই করেছে, তা আমায় মুগ্ধ করেছে।' অন্যদিকে, আয়ারল্যান্ডের এই লড়াকু মানসিকতার প্রশংসা করেন পাক অধিনায়ক সরফরাজ আহমেদও। তিনি বলেন, 'এই জয়টা আমাদের কাছে খুব গুরুত্বপূর্ণ। আয়ারল্যান্ডকে দেখে মনে হয়নি ওরা প্রথম টেস্ট খেলতে নামছে। লড়াইটা দারুণ উপভোগ্য ছিল।' একইসঙ্গে পাকিস্তানের হয়ে অভিষেক টেস্টে নজরকাড়া তরুণ ক্রিকেটার বাবর আজম ও ইমাম উল হকেরও প্রশংসা করেন তিনি।

খালিদকে প্রস্তাব মহমেডানের

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৬ মে ঃ আগামী মরশুমের জন্য খালিদ জামিলকে প্রস্তাব দিল মহমেডান স্পোর্টিং। দ্বিতীয় ডিভিশন আই লিগের একেবারে শেষপর্যায়ে এসে দু-তিনটি ম্যাচের জন্য কোচ করা হয় মৃদুল বন্দ্যোপাধ্যায়কে। কিন্তু তিনিও দলের হাল ফেরাতে পারেননি। তবু তাকেই রেখে দেওয়ার ভাবনা ছিল মহমেডানের নতুন সচিব কামারুদ্দিনের। কিন্তু মৃদুল গুজরাটের একটি ক্লাবের কোচ হওয়ার প্রস্তাব পাওয়ায় তিনি নিজেই আর থাকতে চাননি। সাদা-কালো কর্তারাও তাকে জোর করে ধরে রাখার পক্ষপাতী ছিলেন না। কামারুদ্দিনের বক্তব্য, 'নতুন মরশুমে আমাদের কোচ যেমন প্রয়োজন তেমনই দরকার নতুন ফুটবলার। কারণ আমাদের সব ফুটবলারই প্রায় চলে গেছে। তাই এমন একজন কোচ আমরা চাইছি যে নিজের মতো করে দল গুছিয়ে নিয়ে কাজ করবে।' প্রাথমিকভাবে ফুজাতোপের সঙ্গে কথা বললেও হঠাৎই তাদের ভাবনায় আসেন ইস্টবেঙ্গলের প্রাক্তন কোচ খালিদ জামিল। তিনি এখনও কলকাতায় বসে। তবে তার সঙ্গে কথাবার্তা এখনও প্রাথমিক স্তরেই রয়েছে বলে খবর। এদিকে, এদিনই বকেয়া মিটিয়ে ছেড়ে দেওয়া হল ফিকরু টেফেরাকে।

আইসিসি-র দলে লামিছানে

দুবাই, ১৬ মে ঃ আইপিএলে দিল্লি ডেয়ারডেভিলসের জার্সি গায়ে অভিষেক ম্যাচেই বিশেষজ্ঞদের প্রশংসা কুড়িয়েছেন। সেই রেশ কাটতে না কাটতে ফের নতুন পালক যোগ হল নেপালের স্পিন তারকা সন্দীপ লামিছানের মুকুটে। ৩১ মে লর্ডসে ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে প্রীতি ম্যাচে আইসিসি-র বিশ্ব একাদশে ডাক পেলেন তিনি। দীনেশ কার্তিক, রশিদ খান, ইয়োন মরগ্যানদের সঙ্গে খেলতে দেখা যাবে ১৭ বছরের এই নেপালি বিস্ময় বালককে।

ভলিবলে চ্যাম্পিয়ন সুকান্ত, স্ট্রংম্যান বিপুল

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১৬ মে ঃ শিলিগুড়ি পুরনিগমের ইনডোর-আউটডোর গেম ফেস্টিভে ছেলেদের ভলিবলে চ্যাম্পিয়ন হল কবি সুকান্ত হাইস্কুল। বুধবার ফাইনালে তারা ২৫-১৪, ২৫-৮ পয়েন্টে কৃষ্ণমায়া নেপালি হাইস্কুলকে হারিয়েছে। প্রতিযোগিতার সেরা সুকান্তর রেসু সিং। এর আগে তারা প্রথম সেমিফাইনালে ২৫-১৯, ২৫-২২ পয়েন্টে শিলিগুড়ি বয়েজ হাইস্কুলের বিরুদ্ধে জয় পায়। দ্বিতীয় সেমিফাইনালে কৃষ্ণমায়া ২৫-১৭, ২৫-২০ পয়েন্টে জগদীশচন্দ্র বিদ্যাপীঠকে হারিয়েছে।

অন্যদিকে, দার্জিলিং জেলা পাওয়ার লিফটিং সংস্থার সহযোগিতায় আয়োজিত বেঞ্চপ্রেসে স্ট্রংম্যান হয়েছেন বিপুল রায়। তিনি ৮২.৫ কেজিতে নেমেছিলেন। এছাড়াও অন্যান্য বিভাগে প্রথম তিন স্থানে রয়েছেন যথাক্রমে রতন ঘোষ, সনাতন পাল ও কুন্দন ঠাকুর (৫৬ কেজি), রাজু রায়, সৌরভ দত্ত ও তাপস বরকা (৬০ কেজি), ধৈর্য বর্মন, সুরজিৎ শা ও সৌরভ সরকার (৬৭.৫ কেজি), সৌরভ রাজ রাই, সঞ্জয় সরকার ও হিমাদ্রি ভৌমিক (৭৫ কেজি), বিপুল, সুরজ দাস ও জগদীপ শর্মা (৮২.৫ কেজি), টিঙ্কু দাস, সুব্রত দাস ও অখিল মণ্ডল (৮২.৫ কেজির ঊর্ধ্বে)।

ক্রিকেট লাভার্স কাপ শুরু

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১৬ মে ঃ শিলিগুড়ি ক্রিকেট লাভার্স ও প্লেয়ার্স ওয়েলফেয়ার অর্গানাইজেশনের শ্যামাদেবী ভার্মা ও মহাদেবী শর্মা ট্রফি ক্রিকেট লাভার্স কাপ মহিলাদের টি২০ বুধবার শুরু হল। উদ্‌বোধনী ম্যাচে শিলিগুড়ি ৩৬ রানে শ্যামবাজারের বিডব্লিউসিসি-র বিরুদ্ধে হেরে গিয়েছে। দাদাভাই স্পোর্টিং ক্লাবের মাঠে টসে জিতে বিডব্লিউসিসি ১৮ ওভারে ৪ উইকেটে ১৫১ তোলে। তাদের দীপা দাস সর্বোচ্চ ৪৭ রান করেন। নেহা মাঝি রেখে আসেন ৪০। ঝুমিয়া খাতুন ৮ রানে পেয়েছেন ২ উইকেট। জবাবে শিলিগুড়ি ১৮ ওভারে ৫ উইকেটে ১১৫ রানে আটকে যায়। তাদের সনিষ্ঠা বিশ্বাস ৪৩ বলে ৭০ রানের মারাকাটারি ইনিংসেও দলের হার বাঁচাতে পারেননি। রঞ্জনা যাদব ২৬ রানে পেয়েছে ২ উইকেট। ম্যাচের সেরা সনিষ্ঠা। অন্য ম্যাচে হাওড়া এলআরএস বাংলা অ্যাকাডেমি ৭৫ রানে কোন্ননগরের বিরুদ্ধে জয় পায়। এলআরএস টসে জিতে ১৭ ওভারে ৭ উইকেটে ১০৮ রান তোলে। তাদের ইন্দ্রনীল রায় ২৩ ও তিথি দাস ১৮ রান করেন। পুষ্পা চৌধুরি ২৭ রানে পেয়েছেন ৪ উইকেট। জবাবে কোন্ননগর ১৭ ওভারে ৩৩ রানে গুটিয়ে যায়। তাদের কেউ দু-অঙ্কের রান পাননি। মেঘা ঘোষ ৩ রানে পেয়েছে ৪ উইকেট। ভালো বোলিং করেন প্রীতি চৌধুরিও (২-৩)। ম্যাচের সেরা মেঘা।বৃহস্পতিবার বিডব্লিউসিসি-র বিরুদ্ধে নামবে উত্তরবঙ্গ একাদশ। পরে আদিত্য বিড়লা অ্যাকাডেমির মুখোমুখি হবে কোন্ননগর। প্রতিযোগিতার উদ্‌বোধন করেন অর্গানাইজেশনের সভাপতি মনোজ ভার্মা, মহকুমা পরিষদের কার্যকরী সভাপতি নান্টু পাল, সচিব অরূপরতন ঘোষ প্রমুখ।